গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৬

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বিএসসিপিএলসি এর দু'টি সাবমেরিন ক্যাবলের মোট ব্যান্ডউইডথ সক্ষমতা বর্তমানে ৭২২০ জিবিপিএস (গিগা বিট পার সেকেন্ড) এবং ব্যান্ডউইড্থের ব্যবহার প্রায় ২৫৬৬ জিবিপিএস-এ উন্নীত হয়েছে। এছাড়া বিএসসিপিএলসি এর ব্যান্ডউইডথের মূল্য হ্রাসের ধারা অব্যাহত রয়েছে যার ফলে বর্তমানে প্রতি এমবিপিএস ইন্টারনেট ব্যান্ডউইডথের মূল্য ২৫০/- টাকারও নিচে রয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ এর আলোকে বাংলাদেশের তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপনের কাজ SEA-ME-WE 6 (SMW6) কনসোর্টিয়ামের আওতায় চলমান রয়েছে, যা ২০২৫ সালের শেষ প্রান্তিকে সম্পন্ন হবে বলে আশা করা যায়। মার্চ/২৪ পর্যন্ত প্রকল্পের ভৌত কাজের অগ্রগতি ৭১%। উল্লেখ্য যে, SMW6 সাবমেরিন ক্যাবলে বিনিয়োগ করে বিএসসিপিএলসি এর ক্যাপাসিটি দ্বিগুণ বৃদ্ধি পেয়ে ১৩,২০০ জিবিপিএস হবে। সৌদিআরব থেকে ফ্রান্স পর্যন্ত SMW5 সাবমেরিন ক্যাবলের অব্যবহৃত ক্যাপাসিটি সৌদি আরবের টেলিকম কোম্পানি STC এর নিকট মে/২১ হতে এককালীন মূল্য প্রদানের মাধ্যমে লিজ প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়। তৎপরবর্তীতে SMW5 সাবমেরিন ক্যাবলের সিঙ্গাপুর-ফ্রান্স রুটে বিএসসিপিএলসি এর ১৩ জিবিপিএস ক্যাপাসিটি Orange (ফ্রান্স)- কে জুলাই/২১ হতে এককালীন মূল্যে লিজ প্রদান করা হয়েছে। এছাড়াও ভারতের উত্তর পূর্বাঞ্চলের প্রদেশগুলোর জন্য এপ্রিল/২২ হতে ২০ জিবিপিএস ব্যান্ডউইডথ বাংলাদেশ হতে লিজ প্রদান করা হয়েছে। অধিকন্তু জিবুতি হতে ফ্রান্স পর্যন্ত SMW5 সাবমেরিন ক্যাবলের ২০০ জিবিপিএস ক্যাপাসিটি টেলিকম মালয়েশিয়া (TM) এর নিকট ডিসেম্বর/২২ হতে লিজ প্রদান করা হয়েছে। নতুন সেবা হিসেবে গ্রাহকদের লিমিটেড ডেস্টিনেশন আইপি ট্রানজিট সেবা প্রদান এবং নতুন নিক্স লাইসেন্সের আওতায় ডিসেম্বর/২৩ হতে গ্রাহকদের সেবা প্রদান কার্যক্রম শুরু হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

আইটিসি (ITC) প্রতিষ্ঠানসমূহের সাথে প্রতিযোগিতাপূর্বক আয় ও মুনাফা ক্রমান্বয়ে বৃদ্ধি করা বিএসসিপিএলসি এর অন্যতম একটি চ্যালেঞ্জ। কয়েকটি আইটিসি কোম্পানির আইটিসি লাইসেন্সের পাশাপাশি এনটিটিএন লাইসেন্স থাকায় তারা ব্যবসায়িক ক্ষেত্রে বিশেষ সুবিধা ভোগ করে। বিএসসিপিএলসি এ এনটিটিএন এর সুবিধা না থাকায় ল্যান্ডিং স্টেশন হতে দেশের বিভিন্ন স্থানে ব্যান্ডউইডথ পরিবহনের জন্য এনটিটিএন অপারেটরদের উপর নির্ভর করতে হয়। এছাড়াও বিভিন্ন গ্রাহকের বিলম্বে বিল পরিশোধ করার প্রবণতা এবং ইতোমধ্যে তাদের নিকট পুঞ্জিভূত বকেয়া আদায় করা একটি চ্যালেঞ্জ। তাছাড়া নতুন তিনটি কোম্পানির সাবমেরিন ক্যাবল স্থাপন ও পরিচালনার লাইসেন্স প্রাপ্তি বিএসসিপিএলসি-এর জন্য নতুন চ্যালেঞ্জ বয়ে আনবে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

২০২৫ সালের শেষ প্রান্তিকে তৃতীয় সাবমেরিন ক্যাবলের মাধ্যমে বাণিজ্যিকভাবে ব্যান্ডউইডথ সরবরাহ শুরু করা। বিদ্যমান দু'টি সাবমেরিন ক্যাবলের ইকুইপড ক্যাপাসিটি যথাসম্ভব বৃদ্ধি করা এবং দেশের অভ্যন্তরে PoP (Point of Presence) এর সংখ্যা বৃদ্ধি করা। এছাড়া নিজস্ব জমির ব্যবস্থা করে ভবন নির্মাণ ও উক্ত ভবনে নিজস্ব সেন্টার স্থাপন। কোন নতুন সাবমেরিন কনসোর্টিয়াম গঠিত হলে সেখানে অংশগ্রহণের মাধ্যমে ক্যাপাসিটি বৃদ্ধির জন্য চতুর্থ এবং পরবর্তীতে ২০৩৩-২০৩৭ সালে SMW5 সাবমেরিন ক্যাবল প্রতিস্থাপন ও ক্যাপাসিটি বৃদ্ধির নিমিত্ত পঞ্চম সাবমেরিন ক্যাবল স্থাপনের উদ্যোগ গ্রহণ।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বিএসসিপিএলসি এর ব্যান্ডউইডথ ৩৮০ জিবিপিএস বিপণন ও আন্তর্জাতিক বাজারে বিএসসিপিএলসি এর ব্যান্ডউইডথ বিপণনের প্রসার করা।
- বিএসসিপিএলসি এর নতুন একটি আইআইজি PoP (Point of Presence) স্থাপন।
- তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপন প্রকল্পের সাবমেরিন ক্যাবল ইকুইপমেন্ট স্থাপনের নিমিত্ত ইকুইপমেন্ট রুম স্থাপন কাজ সম্পন্ন।
- বিএসসিপিএলসি এর রাজস্ব আয় বৃদ্ধি।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের .... মাসের .... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

দেশের ক্রমবর্ধমান আন্তর্জাতিক ব্যান্ডউইডথের চাহিদার সাথে সংগতি রেখে সাবমেরিন ক্যাবলের মাধ্যমে পর্যাপ্ত ব্যান্ডউইডথের সহজলভ্যতা নিশ্চিত করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

বিশ্বব্যাপী বিস্তৃত তথ্য-মহাসড়কে সাবমেরিন ক্যাবলের মাধ্যমে বাংলাদেশের নিরবচ্ছিন্ন সংযোগ নিশ্চিত করা। দেশের মানুষকে উন্নততর ইন্টারনেট ও ভয়েস সেবা প্রদানের লক্ষ্যে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে স্বল্প মূল্যে সর্বোত্তম মানের ব্যান্ডউইডথ সরবরাহ করা। দেশের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পর্যায়ক্রমে সাবমেরিন ক্যাবল ক্যাপাসিটি বৃদ্ধির কার্যক্রম গ্রহণ।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. "বাংলাদেশের আন্তর্জাতিক টেলিযোগাযোগ ব্যবস্থা সম্প্রসারণের লক্ষ্যে তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপন" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন।
২. সাবমেরিন ক্যাবল ক্যাপাসিটি ও আইপি ট্রানজিট সেবার বিপণন বৃদ্ধি।
৩. বিএসসিপিএলসি এর নতুন আইআইজি PoP (Point of Presence) স্থাপন।
৪. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. আইপিএলসি সেবা প্রদানের মাধ্যমে ইন্টারনেট ও ভয়েস যোগাযোগের জন্য উচ্চ মানের ব্যান্ডউইডথ নিশ্চিত করা। সার্কিট চালু করণের পরে দক্ষ চালনা ও রক্ষণাবেক্ষণ এবং উচ্চমানসম্পন্ন গ্রাহক সেবা প্রদান।
২. নেটওয়ার্ক অপারেশন সেন্টার এবং সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন এর অপারেশন মনিটরিং সেন্টারের মাধ্যমে ২৪×৭ ভিত্তিতে গ্রাহক সেবা প্রদান।
৩. সাবমেরিন ক্যাবলের অব্যবহৃত ব্যান্ডউইডথ আন্তর্জাতিক বাজারে রপ্তানি।
৪. বিএসসিপিএলসি এর গ্রাহকদের আইপি ট্রানজিট ও NIX সেবা প্রদান।
৫. গ্রাহকদের কো-লোকেশন সেবা প্রদান।
৬. শেয়ার বাজারে তালিকাভুক্ত পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনসহ বিভিন্ন সংস্থার সঙ্গে কার্যক্রম চলমান রাখা এবং স্বচ্ছতা ও দক্ষতার সাথে কর্পোরেট সংস্কৃতি বাস্তবায়ন করে সংস্থার অবস্থান অধিকতর উচ্চ পর্যায়ে উন্নীতকরণ।
৭. কোম্পানির অধীনে সংরক্ষিত ব্যান্ডউইডথ এর ব্যবহার বাড়ানো এবং অব্যবহৃত ব্যান্ডউইডথ আন্তর্জাতিক বাজারে লিজ দেয়ার প্রয়াস নেয়া।
৮. SMW4, SMW5 ও নতুন SMW6 কনসোর্টিয়ামের সাথে নিয়মিত যোগাযোগ করে চালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কিত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করা।
৯. কোম্পানিতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় বিভিন্ন ব্যবস্থা গ্রহণ।
১০. গ্রাহকগণের স্বার্থ সংরক্ষণ করে কোম্পানির রাজস্ব আয় ও মুনাফা বৃদ্ধিকরণ।
১১. কোম্পানির সামাজিক দায়বদ্ধতা তহবিল হতে বিভিন্ন সমাজকল্যাণমূলক কার্য সম্পাদন।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
ইন্টারনেট ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সাবমেরিন ক্যাবলের মাধ্যমে ব্যান্ডউইডথ নিশ্চিত করা	বিএসসিপিএলসি-এর মোট ব্যবহৃত ব্যান্ডউইডথ	ক্রমপুঞ্জিভূত	২৫৫৪	২৫৬৬	৩০০০	৩২০০	৩৪০০	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বিটিআরসি	নিজস্ব
তৃতীয় সাবমেরিন ক্যাবল চালু করার নিমিত্ত বাস্তব অগ্রগতি	ভৌত কাজের অগ্রগতি	%	৬০% (ক্রমপঞ্জিভূত)	৭১% (ক্রমপঞ্জিভূত)	৮০% (ক্রমপঞ্জিভূত)	১০০% (ক্রমপঞ্জিভূত)	-	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বিএসসিপিএলসি	নিজস্ব
সাবমেরিন ক্যাবলের মাধ্যমে আন্তর্জাতিক টেলিযোগাযোগ ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধি	বিএসসিপিএলসি এর মোট ডিজাইন ক্যাপাসিটি	ক্রমপুঞ্জিভূত	৩৪২০	৭২২০	৭২২০	২০৪২০	২০৪২০	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বিএসসিপিএলসি	নিজস্ব
সাবমেরিন ক্যাবলের মাধ্যমে আন্তর্জাতিক টেলিযোগাযোগ ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধি	বিএসসিপিএলসি এর মোট ইক্যুইপড (lit up) ক্যাপাসিটি	ক্রমপুঞ্জিভূত	৩০৫০	৬৮৫০	৬৮৫০	৯৮৫০	৯৮৫০	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বিএসসিপিএলসি	নিজস্ব

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] “বাংলাদেশের আন্তর্জাতিক টেলিযোগাযোগ ব্যবস্থা সম্প্রসারণের লক্ষ্যে তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপন” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন।	২৫	[১.১] সাবমেরিন ক্যাবল ইকুইপমেন্ট পরিচালনার জন্য বৈদ্যুতিক ও অন্যান্য সরঞ্জাম স্থাপন (স্থানীয়)	[১.১.১] সাবমেরিন ক্যাবল ইকুইপমেন্ট পরিচালনার জন্য বৈদ্যুতিক ও অন্যান্য সরঞ্জাম সংগ্রহ	তারিখ	তারিখ	৭			৩১.১০.২৪	১৫.১১.২৪					
			[১.১.২] সরবরাহকৃত বৈদ্যুতিক ও অন্যান্য সরঞ্জাম স্থাপন	তারিখ	তারিখ	৮			২৮.০২.২৫	১৫.০৩.২৫					
			[১.১.৩] বৈদ্যুতিক ও অন্যান্য সরঞ্জামের PAT সম্পন্ন	তারিখ	তারিখ	১০			৩১.০৫.২৫	১০.০৬.২৫					
[২] সাবমেরিন ক্যাবল ক্যাপাসিটি ও আইপি ট্রানজিট সেবার বিপণন বৃদ্ধি।	২০	[২.১] সাবমেরিন ক্যাবল ক্যাপাসিটি ও আইপি ট্রানজিট ব্যান্ডউইডথ এর নতুন সংযোগ প্রদান	[২.১.১] গ্রাহকের চাহিদার প্রেক্ষিতে ডিমান্ড নোট ইস্যু করা	সমষ্টি	জিবিপিএস	১০	৪৫৫	৫৪০	৩৮০	৩৫০				২০০	২৫০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
			[২.১.২] নতুন ব্যান্ডউইডথ সংযোগ সম্পন্নকরণ সম্পর্কে গ্রাহককে অবহিতকরণ	সমষ্টি	জিবিপিএস	১০	৪৫৫	৫৪০	৩৮০	৩৫০				২০০	২৫০
[৩] বিএসসিপিএলসি এর নতুন আইআইজি PoP (Point of Presence) স্থাপন।	১৫	[৩.১] নতুন একটি লোকেশনে আইআইজি PoP (Point of Presence) স্থাপন করে গ্রাহকদের সেবা প্রদান	[৩.১.১] স্থান চূড়ান্তকরণপূর্বক সাইট সার্ভে সম্পন্ন	তারিখ	তারিখ	৫			০১.০৩.২৫	১০.০৩.২৫					
			[৩.১.২] ব্যাকহল সংযোগ গ্রহণ	তারিখ	তারিখ	৫			০১.০৪.২৫	১০.০৪.২৫					
			[৩.১.৩] PoP (Point of Presence) স্থাপন সম্পন্ন	তারিখ	তারিখ	৫			০১.০৫.২৫	১৫.০৫.২৫					

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৪] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।	১০	[৪.১] সমসাময়িক বিষয়ে প্রশিক্ষণ আয়োজন	[৪.১.১] প্রশিক্ষণ আয়োজিত	সমষ্টি	সংখ্যা	২		৪	২	১					
		[৪.২] শূন্যপদে নিয়োগের উদ্যোগ গ্রহণ	[৪.২.১] নতুন নিয়োগ এবং পদোন্নতির মাধ্যমে ৫টি শূন্যপদ পূরণ	তারিখ	তারিখ	২			১৫.০৬.২৫	১৮.০৬.২৫	২১.০৬.২৫	২৫.০৬.২৫	৩০.০৬.২৫		
		[৪.৩] ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ	[৪.৩.১] ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান	সমষ্টি	সংখ্যা	১			১						
			[৪.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	সমষ্টি	সংখ্যা	১			৫	৪	৩				
		[৪.৪] নতুন ক্যাপাসিটি বিক্রয় বৃদ্ধির উদ্দেশ্যে কার্যক্রম গ্রহণ	[৪.৪.১] গ্রাহকদের সাথে ব্যবসায়িক সভা	সমষ্টি	সংখ্যা	২			৮	৭	৬				
		[৪.৫] ল্যান্ডিং স্টেশনগুলোর কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ	[৪.৫.১] ল্যান্ডিং স্টেশনগুলোর কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ	সমষ্টি	সংখ্যা	২			৪	৩	২				

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৫/৬/২০২৪

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড

তারিখ

২৫-০৬.২০২৪.

সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক,
টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	C&MA	Construction & Maintenance Agreement
২	RFS	Ready for Service
৩	(SEA-ME-WE-4) বা SMW4	(South East Asia Middle East Western Europe 4)
৪	(SEA-ME-WE-5) বা SMW5	(South East Asia Middle East Western Europe 5)
৫	(SEA-ME-WE-6) বা SMW6	(South East Asia Middle East Western Europe 6)
৬	আইএসপি	ইন্টারনেট সার্ভিস প্রভাইডার
৭	আইটিসি	ইন্টারন্যাশনাল টেরিসটেরিয়াল ক্যাবল
৮	আইপিএলসি	ইন্টারন্যাশনাল প্রাইভেট লীজ সার্কিট
৯	জিবিপিএস	গিগাবিট পার সেকেন্ড
১০	বিএসসিপিএলসি	বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] সাবমেরিন ক্যাবল ইকুইপমেন্ট পরিচালনার জন্য বৈদ্যুতিক ও অন্যান্য সরঞ্জাম স্থাপন (স্থানীয়)	[১.১.১] সাবমেরিন ক্যাবল ইকুইপমেন্ট পরিচালনার জন্য বৈদ্যুতিক ও অন্যান্য সরঞ্জাম সংগ্রহ	বিএসসিপিএলসি	চালান কপি
	[১.১.২] সরবরাহকৃত বৈদ্যুতিক ও অন্যান্য সরঞ্জাম স্থাপন	বিএসসিপিএলসি	Completion Certificate
	[১.১.৩] বৈদ্যুতিক ও অন্যান্য সরঞ্জামের PAT সম্পন্ন	বিএসসিপিএলসি	Operational Acceptance Certificate
[২.১] সাবমেরিন ক্যাবল ক্যাপাসিটি ও আইপি ট্রানজিট ব্যান্ডউইডথ এর নতুন সংযোগ প্রদান	[২.১.১] গ্রাহকের চাহিদার প্রেক্ষিতে ডিমান্ড নোট ইস্যু করা	বিএসসিপিএলসি	ডিমান্ড নোট
[২.১] সাবমেরিন ক্যাবল ক্যাপাসিটি ও আইপি ট্রানজিট ব্যান্ডউইডথ এর নতুন সংযোগ প্রদান	[২.১.২] নতুন ব্যান্ডউইডথ সংযোগ সম্পন্নকরণ সম্পর্কে গ্রাহককে অবহিতকরণ	বিএসসিপিএলসি	বানিজ্যিক সংযোগ পত্র
[৩.১] নতুন একটি লোকেশনে আইআইজি PoP (Point of Presence) স্থাপন করে গ্রাহকদের সেবা প্রদান	[৩.১.১] স্থান চূড়ান্তকরণপূর্বক সাইট সার্ভে সম্পন্ন	বিএসসিপিএলসি	সার্ভে প্রতিবেদন
	[৩.১.২] ব্যাকহল সংযোগ গ্রহণ	বিএসসিপিএলসি	চুক্তিপত্র
	[৩.১.৩] PoP (Point of Presence) স্থাপন সম্পন্ন	বিএসসিপিএলসি	সচিত্র প্রতিবেদন
[৪.১] সমসাময়িক বিষয়ে প্রশিক্ষণ আয়োজন	[৪.১.১] প্রশিক্ষণ আয়োজিত	বিএসসিপিএলসি	নোটিশ / উপস্থিতি তালিকা
[৪.২] শূন্যপদে নিয়োগের উদ্যোগ গ্রহণ	[৪.২.১] নতুন নিয়োগ এবং পদোন্নতির মাধ্যমে ৫টি শূন্যপদ পূরণ	বিএসসিপিএলসি	নিয়োগপত্র
[৪.৩] ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ	[৪.৩.১] ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান	বিএসসিপিএলসি	নোটিশ / উপস্থিতি তালিকা
	[৪.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	বিএসসিপিএলসি	নিষ্পত্তি জারিপত্র
[৪.৪] নতুন ক্যাপাসিটি বিক্রয় বৃদ্ধির উদ্দেশ্যে কার্যক্রম গ্রহণ	[৪.৪.১] গ্রাহকদের সাথে ব্যবসায়িক সভা	বিএসসিপিএলসি	নোটিশ / উপস্থিতি তালিকা
[৪.৫] ল্যান্ডিং স্টেশনগুলোর কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ	[৪.৫.১] ল্যান্ডিং স্টেশনগুলোর কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ	বিএসসিপিএলসি	পরিবীক্ষণ প্রতিবেদন

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ